# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫৬১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫০. অন্ধকারে সালাত আদায় করতে যাওয়ার ফযীলত

باب مَا جَاءَ فِي الْمَشْىِ إِلَى الصَّلاَةِ فِي الظُّلَمِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ مَعِينٍ، حَدَّثَنَا أَبُو عُبَيْدَةَ الْحَدَّادُ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ أَبُو سُلَيْمَانَ الْكَحَّالُ، عَنْ عَبْدِ اللهِ بْنِ أَوْسٍ، عَنْ بُرَيْدَةَ، عَنِ النَّبِيِّ صلي الله عليه وسلم قَالَ " بَشِّرِ الْمَشَّائِينَ فِي الظُّلَمِ إِلَى الْمَسَاجِدِ بِالنُّورِ التَّامِّ يَوْمَ الْقِيَامَةِ " .

صحيح

বাংলা

৫৬১। বুরায়দাহ (রাঃ) সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যারা অন্ধকার রাতে মসজিদে যাতায়াত করে তাদেরকে কিয়ামতের দিন পূর্ণজ্যোতির সুসংবাদ দাও।[1]

সহীহ।

## English

Narrated Buraydah ibn al-Hasib:

The Prophet (ﷺ) said: Give good tidings to those who walk to the mosques in darkness for having a perfect light on the Day of Judgment.

ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায়ঃ সালাত, অনুঃ ফাজর ও ইশার সালাত জামা'আতে আদায়ের ফাযীলাত, হাঃ ২২৩), ইবনু মাজাহ (অধ্যায়ঃ মাসাজিদ, অনুঃ পায়ে হেঁটে মসজিদে যাওয়া, হাঃ ৭৮১)। ইমাম তিরমিযী বলেনঃ এ হাদীসটি এ মারফূ সূত্রে গরীব। এটি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবীগণ পর্যন্ত মুসনাদ ও মাওকুফ হিসেবে

সহীহ। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দিকে মুসনাদ করে নয়।’ সনদের ব্যক্তিবর্গকে নির্ভরযোগ্য বলেছেন হাফিয মুনযিরী ‘আত-তারগীব ওয়াত তারহীব’ গ্রন্থে। আহমাদ শাকির বলেন, কতিপয় সাহাবী থেকে বর্ণিত এর বহু শাহিদ হাদীস রয়েছে। যার প্রত্যেকটি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পর্যন্ত মারফূ বর্ণনা।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ বুরায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57879

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন